



নোটিশ

গত ০৭ আগস্ট ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিইউপির ৭৫ তম সিন্ডিকেট সভার সারাংশ:

* বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন শহীদ হওয়া বিইউপির দুই জন শিক্ষার্থী মীর মাহফুজুর রহমান (মুফ) ও শহীদ জুবায়ের উমর খান এর রুহের আত্মার মাগফিরাত কামনা করা হয় এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়।

* আহত সকল শিক্ষার্থীর দ্রুত সুস্থতা কামনা করা হয়। উল্লেখ্য যে, বিইউপি প্রশাসন কর্তৃক আন্দোলন চলাকালে আহত শিক্ষার্থীদের চিকিৎসা এবং গ্রেপ্তারকৃত শিক্ষার্থীদের আইনি সহায়তা প্রদান করা হয়েছিল, যা সিন্ডিকেট সভায় অবহিত করা হয়।

* গত ৭৪ তম সিন্ডিকেট সভার সিদ্ধান্ত (পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শিক্ষা কার্যক্রম বন্ধ রাখা) প্রত্যাহার করা হয়।

* সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে সকল অধিভুক্ত প্রতিষ্ঠানকে নিজ নিজ ব্যবস্থাপনায় ক্রমান্বয়ে শিক্ষা কার্যক্রম শুরু করা সহ সকল শিক্ষার্থীর নিরাপত্তার বিষয় আমলে নিয়ে উপযুক্ত সময়ে হল খুলে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।